



গাজীপুর সিটি কর্পোরেশন  
নগর ভবন  
প্রশাসন শাখা  
gcc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.০০৪.১১.০৯৯.২০. ৩৬৪

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪৩০  
২২ মে ২০২৩

বিষয় : কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : তদন্ত কমিটির প্রতিবেদন স্মারক নং ৪৬.১৯.০০০০.০৪৬.৯৯.০০১.২২.১৩৩ ; তারিখ : ০৭/০৩/২০২৩ খ্রিঃ


উপর্যুক্ত বিষয়ের ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশনের অঞ্চল-৪ এর রাজস্ব বিভাগের কর নির্ধারণ ও কর আদায় শাখায় প্রধান নির্বাহী কর্মকর্তা ২৮/০২/২০২৩খ্রিঃ তারিখে বেলা ২.৪৫ ঘটিকায় সারপ্রাইজ ভিজিট করেন। ভিজিটের সময় রাজস্ব বিভাগের কর নির্ধারণ ও কর আদায় শাখার ডিমান্ড রেজিস্টার পরীক্ষা করে ২টি পাতা (ক্রঃ নং ১৭৬ ও ১৮৭ নং পাতা) ছেড়া পাওয়া যায়। এ বিষয়ে গঠিত ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি তদন্ত শেষে গত ০৭/০৩/২০২৩খ্রিঃ তারিখে প্রতিবেদন দাখিল পূর্বক সুপারিশ প্রদান করেন।

যেহেতু সংশ্লিষ্টদের লিখিত ও মৌখিক বক্তব্য পর্যালোচনায় দেখা যায়, অঞ্চল-৪ এর বর্তমান কর নির্ধারণ কর্মকর্তা হিসাবে আপনি ও আপনার দপ্তরের অফিস সহায়ক মোঃ সোহেল রানা কে সঙ্গে নিয়ে ১৫/০২/২০২৩খ্রিঃ তারিখে লক্ষীপুরা ২৪২/৫০ নং হোল্ডিংটি পরিদর্শন করেন এবং ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখে অফিস সহায়ক মোঃ সোহেল রানা কে দিয়ে আপনি আপনার অফিস কক্ষে ডিমান্ড বহি নিয়ে যান এবং আপনার নির্দেশে একই দিনে কর নির্ধারণ শাখার (চুক্তিভিত্তিক) কর্মচারী লুবনা আক্তারকে দিয়ে এ্যাসেসমেন্ট ও ডিমান্ড রেজিস্টারে ট্যাপ্স এর বিবরণ নতুন করে লিপিবদ্ধ করানো হয়।

যেহেতু তদন্ত কমিটির মতে নথিপত্র, রেজিস্টার ও সংশ্লিষ্ট সকলের বক্তব্যে প্রতীয়মান হয় যে, আপনি জনাব মোঃ নূরুল ইসলাম কর নির্ধারণ কর্মকর্তা (অঞ্চল-৪) ও কর আদায় শাখার অফিস সহায়ক (চুক্তিভিত্তিক) মোঃ সোহেল রানা ডিমান্ড রেজিস্টার এর পাতা ছিড়ে ফেলেন, বেআইনীভাবে ডিমান্ড রেজিস্টার সংশোধন এবং এ্যাসেসমেন্ট রেজিস্টার সংশোধনের মাধ্যমে নিজেরা ব্যক্তিগত আর্থিক লাভবান হওয়ার জন্য কর্পোরেশনের আর্থিক ক্ষতি করেছেন। যা দাপ্তরিক শৃঙ্খলার পরিপন্থি। বিভিন্ন সাক্ষ্য প্রমাণ ও লিখিত ডকুমেন্টে অপরাধ সুস্পষ্টভাবে প্রতীয়মান।

যেহেতু আপনি জনাব মোঃ নূরুল ইসলাম, কর নির্ধারণ কর্মকর্তা (চঃ দাঃ) কর্তৃক আপনার নেতৃত্বে ও যোগসাজসে অর্ধ তসরুপের উদ্দেশ্যে সংগঠিত দাপ্তরিক ও অর্থনৈতিক শৃঙ্খলা পরিপন্থি কর্মকান্ড গুরুতর অপরাধের সামিল। রাজস্ব বিভাগে দায়িত্বশীল পদে কর্মরত থেকে এহেন কর্মকান্ড ক্ষমার অযোগ্য গর্হিত অপরাধ।

সেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩০ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ২ এর আলোকে উক্ত অপরাধে কেনো আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার যথোপযুক্ত জবাব আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দর্শানোর জন্য বলা হলো। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
২২/০৫/২০২৩  
মোঃ আব্দুল হান্নান  
(উপসচিব)  
সচিব

জনাব মোঃ নূরুল ইসলাম  
কর নির্ধারণ কর্মকর্তা (চঃ দাঃ)  
অফিস-০৪ (জয়দেবপুর)  
(বর্তমানে নগর ভবন প্রশাসন বিভাগে সংযুক্ত)  
গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর সিটি কর্পোরেশন  
টেলিফোন : ০২-৪৯২৭৩১১২  
E-mail: secretary@gcc.gov.bd

অনুলিপি : (জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ৩। মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন
- ৬। শাখা প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ৭। প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)